


1 (Sem-5/FYUGP) BEN 44 MJ

2025

BENGALI

(Major)

Paper : BEN0500404



(ছন্দ-অলংকার, প্রাচ্য কাব্যতত্ত্ব ও সমালোচনা সাহিত্য)

Full Marks : 60

Time : 2½ hours

*The figures in the margin indicate full marks
for the questions*

১। নির্দেশ অনুযায়ী নিম্নলিখিত প্রশ্নগুলির অতি সংক্ষিপ্ত উত্তর দাও :

১×৮=৮

(ক) “বাগযন্ত্রের স্বল্পতম প্রয়াসে উচ্চারণসাধ্য ধ্বনিকে বলে _____।”

(শূন্যস্থান পূর্ণ করো)

(খ) ধ্বনিপ্রধান ছন্দ অনুযায়ী ‘সংঘর্ষ’ শব্দের মাত্রা কত ?

(গ) “বিরতি আহরে রাঙাবাস পরে যেমতি যোগিনী পারা।”—এই উপমা অলংকারে তুলনাবাচক শব্দটি কী ?

(ঘ) “কুলায় কাঁপিছে কাতর কপোত”—অলংকার নির্ণয় করো।

(2)

- (ঙ) বীররসের স্থায়ী ভাবের নাম কী ?
- (চ) লৌকিক জগতে যা রতি প্রভৃতি ভাবের উদ্‌বোধক তাকে কাব্যে, নাটকে কী বলে ?
- (ছ) রবীন্দ্রনাথ ঠাকুরের 'সাহিত্য' কত সালে প্রকাশিত হয় ?
- (জ) "এই রস মহাকাব্যের প্রাণস্বরূপ"— রবীন্দ্রনাথ এখানে কোন্ রসের কথা বলেছেন ?

২। নির্দেশ অনুযায়ী নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও
(যে কোনো ছয়টি) :

২×৬=১২

- (ক) চরণ বলতে কী বোঝো? একটি উদাহরণ সহযোগে বুঝিয়ে দাও।
- (খ) অর্থাৎকারকে কয়টি শ্রেণিতে ভাগ করা হয়েছে? উপমা অলংকার কোন্ শ্রেণিভুক্ত?
- (গ) পূর্ণোপমার চারটি অঙ্গের মধ্যে যে কোনো দুটি অঙ্গের নাম লেখো।
- (ঘ) সংস্কৃত অলংকার শাস্ত্রের যে কোনো দুজন আলংকারিকের নাম লেখো।
- (ঙ) "পঞ্চশরে দক্ষ করে করেছে এ কী সন্ন্যাসী।"
কবিতাংশটি কোন্ কবিতা থেকে নেওয়া হয়েছে? কবির নাম কী?
- (চ) " _____ এবং আত্মগত _____, সাহিত্যে এই দুটো বাজে
কথা কোনো কোনো মহলে চলিত আছে।"

(শূন্যস্থান পূর্ণ করো)

(3)

- (ছ) "ভাষার মধ্যে এই ভাষাতীতকে প্রতিষ্ঠিত করিবার জন্য সাহিত্য প্রধান দুইটি জিনিস মিশাইয়া থাকে।" জিনিস দুটি কী কী?
- (জ) পর্ব কাকে বলে, উদাহরণ সহযোগে বুঝিয়ে দাও।
- (ঝ) কাব্য-নির্মাণ কৌশলের কয়টি ভাগ? যে কোনো একটি ভাগের নাম লেখো।
- (ঞ) "যেমন পরিপূর্ণ কুম্ভ থেকে জল উচ্ছলিত হয়ে পড়ে, তেমনি করে ঐ রস মুনির মন থেকে হৃন্দোবৃত্তিনিয়ন্ত্রিত শ্লোক রূপে নির্গত হয়েছে।" মন্তব্যটি কে করেছেন? এখানে কোন্ মুনির কথা বলা হয়েছে?

৩। নির্দেশানুযায়ী উত্তর দাও (যে কোনো চারটি) :

৫×৪=২০

(ক) ছন্দোলিপি প্রস্তুত করো :

খাঁচার পাখি ছিল সোনার খাঁচাটিতে,
বনের পাখি ছিল বনে।
একদা কী করিয়া মিলন হল দাঁহে,
কী ছিল বিধাতার মনে।

(খ) ছন্দোলিপি প্রস্তুত করো :


কাক কালো, কোকিল কালো, কালো ফিঙের বেশ
তাহার অধিক কালো কন্যে তোমার চিকন কেশ।

(গ) কারণ নির্দেশসহ অলংকার নির্ণয় করো :

ধরণী এগিয়ে এসে দেয় উপহার
এ যেন কনিষ্ঠা মেয়ে দুলালি আমার।

(ঘ) তোমার সিদ্ধান্তের কারণ উল্লেখ করে অলংকার নির্ণয় করো :

এমন মানব-জমিন রইল পতিত
আবাদ করলে ফলত সোনা।



- (ঙ) উদাহরণসহ সঞ্চরীভাবের সংজ্ঞা নির্দেশ কৰো ।
- (চ) সমাসোক্তি অলংকাৰে যে ব্যঞ্জনা থাকে তা কেন কাব্যের আত্মা, ধ্বনি নয়—ব্যাখ্যা কৰো ।
- (ছ) “চিত্ৰ এবং সংগীতই সাহিত্যের প্রধান উপকরণ”— আলোচনা কৰো ।
- (জ) “সাহিত্যের মা যেমন কৰিয়া কাঁদে প্ৰাকৃত-মা তেমন কৰিয়া কাঁদে না”— মন্তব্যটির যাথার্থ্য বিশ্লেষণ কৰো ।

৪। যে কোনো দুটি প্ৰশ্নের উত্তৰ দাও :

১০×২=২০

- (ক) উদাহরণসহ স্বাসাঘাতপ্ৰধান ও ধ্বনিপ্ৰধান ছন্দের মধ্যে একটি তুলনামূলক আলোচনা প্ৰস্তুত কৰো ।
- (খ) তানপ্ৰধান ছন্দে অক্ষরের শোষণশক্তি বলতে কী বোঝায় তা উদাহরণসহ আলোচনা কৰো ।
- (গ) উদাহরণসহ সংজ্ঞা নির্দেশ কৰে নীচের যে কোনো দুই জোড়া অলংকাৰের মধ্যে পাৰ্থক্য দেখাও :
- ১। শ্লেষ ও যমক
 - ২। উপমা ও রূপক
 - ৩। অপহুতি ও উৎপ্ৰেক্ষা
- (ঘ) “কাব্যের আত্মা হচ্ছে তার বাচ্য নয়, ব্যঞ্জনা, কথা নয়, ধ্বনি।” মন্তব্যটির যাথার্থ্য নিৰ্ণয় কৰো ।
- (ঙ) রবীন্দ্ৰনাথ ঠাকুরের ‘ঐতিহাসিক উপন্যাস’ প্ৰবন্ধ অবলম্বনে ঐতিহাসিক উপন্যাস সম্পর্কে রবীন্দ্ৰনাথের মতামত আলোচনা কৰো ।

